গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
মহেশখালী, কক্সবাজার।

উপজেলা পরিষদের মে/২০২২ মাসের সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোহাম্মদ শরীফ বাদশা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশখালী, কক্সবাজার। |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, মহেশখালী। |
| সভার তারিখ | ঃ ১৭/০৫/২০২২ খ্রিঃ। |
| সভার উপস্থিতি | ঃ পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত। |

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালীকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। তৎপ্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী সভার কর্মসূচী অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়নমূলক কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| আলোচনা-০১ (স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর) ঃ উপজেলা প্রকৌশলী, মহেশখালী বলেন, বার্ষিক উন্নয়ন কর্মসূচী ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল এর আওতায় গৃহীত প্রকল্পের কাজ চলমান রয়েছে।<br>তিনি বলেন, সরকারী বিভিন্ন দপ্তরে কর্মকর্তা/কর্মচারী পদায়ন হয়েছে। উপজেলা পরিষদের বাসাসমূহ মেরামত করে কর্মকর্তা/কর্মচারীদের বসবাসের উপযোগী করা প্রয়োজন আছে মর্মে সভাকে অবহিত করেন।<br>তিনি আরো বলেন, উপজেলা পরিষদে পর্যাপ্ত আসবাবপত্র না থাকার কারণে দাপ্তরিক দৈনন্দিন কার্যাদি সম্পাদন করতে বিঘ্ন সৃষ্টি হচ্ছে বিধায় আসবাবপত্র ক্রয় করতে হবে মর্মে সভাকে অবহিত করেন। | বার্ষিক উন্নয়ন কর্মসূচী ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল এর আওতায় প্রকল্পসমূহের কাজ যথাসময়ে শেষ করার জন্য উপজেলা প্রকৌশলী, মহেশখালীকে অনুরোধ করা হল।<br>উপজেলা পরিষদের বাসাসমূহ মেরামত ও উপজেলা পরিষদের আসবাবপত্র ক্রয়ের জন্য ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে প্রাক্কলন প্রস্তুতপূর্বক কাজ সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী, মহেশখালীকে অনুরোধ করা হল। এ অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, মহেশখালী। |
| আলোচনা-০২ (ত্রাণ শাখা) ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মহেশখালী, ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ টিআর কর্মসূচীর আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক ২য় পর্যায়ে নন-সোলার/উন্নয়ন খাতের প্রকল্পের কাজ চলমান।<br>তিনি বলেন, গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ টিআর কর্মসূচীর আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক ৩য় পর্যায়ে নন-সোলার/উন্নয়ন খাতের প্রকল্পের তালিকা প্রেরণ করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ টিআর কর্মসূচীর আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক ২য় পর্যায়ে নন-সোলার/উন্নয়ন খাতের প্রকল্পের কাজ যথাসময়ে শেষ করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মহেশখালীকে অনুরোধ করা হল।<br>গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ টিআর কর্মসূচীর আওতায় ৩য় পর্যায়ের উপজেলা পরিষদ ভিত্তিক তালিকা প্রেরণ করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হল। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মহেশখালী। |
| আলোচনা-০৩ ঃ উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, মহেশখালী বলেন, আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষ্যে বর্তমানে ১৩,৭০০ টি গবাদি পশু মজুদ আছে। তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | দপ্তরের কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, মহেশখালীকে অনুরোধ করা হল। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, মহেশখালী। |
| আলোচনা-০৪ ঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মহেশখালী বলেন, সকল প্রকার ভাতাভোগীর ভাতা তাদের নিজ নিজ মোবাইল একাউন্ড (নগদ) এর মাধ্যমে পরিশোধ করা হয়। তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | দপ্তরের কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মহেশখালীকে অনুরোধ করা হল। | উপজেলা সমাজসেবা কর্মকতা, মহেশখালী। |
| আলোচনা-০৫ ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মহেশখালী বলেন, দুটি প্রশিক্ষণ সেন্টারের কার্যক্রম চলমান আছে। একটি হচ্ছে WTC অন্যটি ফ্যাশন ডিজাইন ও বিউটি ফিকেশন। | যথাযথভাবে প্রশিক্ষণ প্রদানের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মহেশখালীকে অনুরোধ করা হল। | ০১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মহেশখালী।<br>০২। চেয়ারম্যান |

| | | |
|---|---|---|
| তিনি বলেন, প্রত্যেক মাসে ভিজিডি চাউল বিতরণ চলমান আছে এবং তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | চাউল বিতরণ প্রত্যেক মাসে বিতরণ সম্পন্ন করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হল। | (সকল), ইউপি। |
| আলোচনা-০৬ ঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা, মহেশখালী জানান, বর্তমানে বিদ্যালয়গুলোতে প্রাক-প্রাথমিকসহ সকল শ্রেণীর পূর্ণাঙ্গ পাঠদান চলছে। বিদ্যালয়, ইউনিয়ন এবং উপজেলা পর্যায়ের আন্ত:প্রাথমিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা/২০২২ চলমান রয়েছে। আগামী ৪ জুন, ২০২২ খ্রিঃ তারিখ হতে বঙ্গবন্ধু গোল্ডকাপ এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট শুরু হবে। অত্র সভার মাধ্যমে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং সংশ্লিষ্টদের আমন্ত্রণ জানান এবং সর্বাত্মক সহযোগিতা ও পরামর্শ কামনা করেন।<br>তিনি বলেন, তাঁর দপ্তরে অফিস সহায়ক না থাকায় এবং অফিস জনবলের একাধিক পদ শূণ্য থাকায় স্বাভাবিক কার্যক্রম পরিচালনায় বাধা সৃষ্টি হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন। | বঙ্গবন্ধু গোল্ডকাপ এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট-এ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ও সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।<br>উপজেলা শিক্ষা অফিস, মহেশখালীতে শূণ্য পদে জনবল পদায়নের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবরে পত্র প্রেরণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা, মহেশখালীকে অনুরোধ করা হলো। | ০১। উপজেলা শিক্ষা কর্মকর্তা, মহেশখালী।<br>০২। চেয়ারম্যান (সকল), ইউপি। |
| আলোচনা-০৭ ঃ ডেপুটি জেনারেল ম্যানেজার, জোনাল অফিস, মহেশখালী বলেন, সরকারী বিভিন্ন দপ্তরে বিদ্যুৎ বিল রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিদ্যুৎ বিল যথাসময়ে পরিশোধ করার জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ-কে অনুরোধ করা হল। | সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ-কে, মহেশখালী। |
| আলোচনা-০৮ ঃ চেয়ারম্যান, কুতুবজোম ইউনিয়ন পরিষদ বলেন, তাঁর ইউপি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | ইউপি'র কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য চেয়ারম্যান, কুতুবজোম ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, কুতুবজোম ইউপি। |
| আলোচনা-০৯ ঃ চেয়ারম্যান, ধলঘাটা ইউনিয়ন পরিষদ বলেন, এ ইউনিয়নের ৪নং ওয়ার্ড সাগরের পানিতে সম্পূর্ণ বিলিন হয়ে গেছে। বেরী বাঁধ নির্মাণ করতে হবে।<br>তিনি বলেন, জরাজীর্ণ পুরাতন ইউনিয়ন পরিষদ ভবনটি নিলামে ভেংগে ফেলে এ স্থানে কমিউনিটি ক্লিনিক স্থাপনের বিষয়ে সভাকে অবহিত করেন। | বেরী বাঁধ নির্মাণের বিষয়ে নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কক্সবাজার এর বরাবরে পত্র প্রেরণ করার জন্য চেয়ারম্যান, ধলঘাটা ইউপি-কে অনুরোধ করা হয়।<br>পুরাতন ইউনিয়ন পরিষদ ভবনটি নিলামে ভেংগে ফেলার জন্য উপজেলা প্রকৌশলী, মহেশখালী-কে অনুরোধ করা হয়। | ০১। উপজেলা প্রকৌশলী, মহেশখালী।<br>০২। চেয়ারম্যান, ধলঘাটা ইউপি। |
| আলোচনা-১০ ঃ চেয়ারম্যান, মাতারবাড়ী ইউনিয়ন পরিষদ এ ইউনিয়নে যে সমস্ত রাস্তার কাজ চলমান রয়েছে। রাস্তাগুলোর কাজ বর্ষা মৌসুমের আগে সমাপ্ত করার জন্য সভাকে অনুরোধ করেন। | মাতারবাড়ী ইউনিয়ন পরিষদে চলমান রাস্তার কাজ বর্ষা মৌমুসের আগে সমাপ্ত করার জন্য উপজেলা প্রকৌশলী, মহেশখালীকে অনুরোধ করা হয়। | ০১। উপজেলা প্রকৌশলী,মহেশখালী<br>০২। চেয়ারম্যান, মাতারবাড়ী ইউপি। |
| আলোচনা-১১ ঃ প্যানেল চেয়ারম্যান, শাপলাপুর ইউনিয়ন পরিষদ বলেন, তাঁর ইউপি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | ইউপি'র কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য চেয়ারম্যান, শাপলাপুর ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, শাপলাপুর ইউপি। |
| আলোচনা-১২ ঃ চেয়ারম্যান, ছোট মহেশখালী ইউনিয়ন পরিষদ বলেন, তাঁর ইউপি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | ইউপি'র কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য চেয়ারম্যান, ছোট মহেশখালী ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, ছোট মহেশখালী ইউপি। |
| আলোচনা-১৩ ঃ চেয়ারম্যান, বড় মহেশখালী ইউনিয়ন পরিষদ বলেন, তাঁর ইউপি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | ইউপি'র কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য চেয়ারম্যান, বড় মহেশখালী ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, বড় মহেশখালী ইউপি। |
| আলোচনা-১৪ ঃ চেয়ারম্যান, হোয়ানক ইউনিয়ন পরিষদ বলেন, এ ইউনিয়নে ঢালো জায়গা বেশি হওয়াতে বর্ষা মৌসুমে রাস্তা ভেংগে যায়। তাই ড্রেন নির্মাণ করা আবশ্যক। তাঁর ইউপি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | ইউপি'র কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য চেয়ারম্যান, হোয়ানক ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, হোয়ানক ইউপি। |
| আলোচনা-১৫ ঃ জনাব মো: ইয়াছিন, উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী বলেন, আগামী ২০ মে হতে ২৩ জুলাই, ২০২২ খ্রিঃ পর্যন্ত মোট ৬৫ দিন সকল প্রকার যান্ত্রিক-অযান্ত্রিক নৌযান ও ফিশিং বোট কর্তৃক সমুদ্র ও উপকূলীয় | বরাদ্দ অনুযায়ী জেলেদের মাঝে দ্রুত চাল বিতরণ শেষ করা এবং বাকী ২,১৮৬ জনের বিপরীতে চাল বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মৎস্য অফিসার ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন | ০১। উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী। |

| | | |
|---|---|---|
| এলাকায় সকল প্রকার মাছ ধরা বন্ধ থাকবে। ০১ টি পৌরসভা ও ০৮ টি ইউনিয়নে নিবন্ধিত জেলে রয়েছে মোট ১৬,৬২৮ জন। ১ম পর্যায়ের ৫৬ কেজি করে ১৪,৪৪২ জনের অনুকূলে ৮০৯ মে: টন চালের বরাদ্দ পাওয়া গেছে বাকী ২,১৮৬ জন বরাদ্দ বিহীন রয়েছে মর্মে সভায় অবহিত করেন। | কর্মকর্তা, মহেশখালীকে অনুরোধ করা হল। | ০২। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মহেশখালী। |
| আলোচনা-১৬ ঃ জনাব মোহাম্মদ শরীফ বাদশা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশখালী বলেন, ''উপজেলার অনেক রাস্তা এখনো আইডিভূক্ত হয়নি।'' তিনি যেসব রাস্তা এখনো আইডিভূক্ত হয়নি সেসব রাস্তা উপজেলা প্রকৌশলী, মহেশখালীর মাধ্যমে আইডিভূক্তকরণের ব্যবস্থা গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।<br>তিনি বলেন, টমটম গাড়ীকে লাইসেন্স এর আওতায় আনার জন্য সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | যেসব রাস্তা এখনো আইডিভূক্ত হয়নি সেসব রাস্তা উপজেলা প্রকৌশলী, মহেশখালীর মাধ্যমে আইডিভূক্তকরণের ব্যবস্থা গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।<br>টমটম গাড়ীকে লাইসেন্স এর আওতায় আনার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালীকে অনুরোধ করা হল। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী।<br>০২। চেয়ারম্যান (সকল), ইউপি। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ শরীফ বাদশা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
মহেশখালী, কক্সবাজার।

স্মারক নং-০৫.২০.২২৪৯.০০০.০৭.০১.২০১৮-৪৫

তারিখঃ ১৮/০৫/২০২২ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য-

০১। মাননীয় সংসদ সদস্য, কক্সবাজার-০২ (মহেশখালী-কুতুবদিয়া)।
০২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৫। জেলা প্রশাসক, কক্সবাজার।
০৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সওজ/পাউবো, কক্সবাজার।
০৬। উপজেলা ............................................... কর্মকর্তা, মহেশখালী, কক্সবাজার।
০৭। জনাব ...................................................................................
০৮। অফিস নথি।

(মো: ইয়াছিন)
উপজেলা নির্বাহী অফিসার
মহেশখালী, কক্সবাজার।

২৭।০৫।২০২২খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের —
মাসিক সভার উপস্থিতির স্বাক্ষর:

| ক্রম | নাম ও পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১। | [illegible] — [illegible] | 01818025417 | [signature] |
| ০২। | ডা. [illegible] রহমান | 01819687449 | [signature] |
| ০৩। | [illegible] | 01823381104 | [signature] |
| ০৪। | মোহাম্মদ মিজ [illegible] মো. [illegible] | 01823911991 | [signature] |
| ৫ | [illegible] | 01816352046 | [signature] |
| ৬। | [illegible] | [illegible] | [signature] |
| ৭। | [illegible] | 01[illegible]9376234 | [signature] |
| ৮। | [illegible] | 01776036000 | [signature] |
| ৯। | [illegible] | 01711-323322 | [signature] |
| ১০। | [illegible] | 01014512448 | [signature] |
| ১১। | মো: [illegible] — [illegible] | 01830-431641 | [signature] |
| ১২ | মোছা- [illegible] — UWAO | 01746777537 | [signature] |
| ১৩। | [illegible], UEO, | 01715-111441 | [signature] |
| ১৪। | মো: [illegible] ইসলাম, [illegible] | 01900936686 | [signature] |
| ১৫। | [illegible] উপজেলা সমাজসেবা অফিসার | 01812417480 | [signature] |
| ১৬ | মো: [illegible] মিয়া, UDF, UGDP | 01755567289 | [signature] |
| ১৭। | মো: আল- আমিন, [illegible] | 01760400127 | [signature] |
| ১৮ | [illegible] | 01861305336 | [signature] |
| ১৯ | [illegible] | 01812430360 | [signature] |
| ২০ | [illegible] | 01836733331 | [signature] |
| ২১. | [illegible] | 01818968584 | [signature] |